



BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৪০০/নবায়ন-২০২৪/২০২৩
ডিসেম্বর ২০, ২০২৩

অতীব জরুরী

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ২০২৪ সালে বিকেএমইএ থেকে যে কোন সেবা গ্রহণের জন্য বিকেএমইএ'র সদস্যপদ নবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, বিকেএমইএ'র সদস্যপদ এর মেয়াদ প্রতি বছরের ০১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত বলবৎ থাকে। সেই হিসেবে ২০২৪ সালে বিকেএমইএ থেকে সেবা গ্রহণের ক্ষেত্রে আপনার প্রতিষ্ঠানের সদস্য সনদ নবায়ন করা আবশ্যিক। উল্লেখ্য যে, আপনার প্রতিষ্ঠানের ২০২৪ সালের বিকেএমইএ সদস্য সনদ নবায়ন ব্যতীত ইউডি, ক্যাশ ইনসেনটিভ, জিএসপি ফরম প্রদানসহ কোন রকম সেবা দেয়া সম্ভবপর হবে না।

২০২৪ সালের জন্য সদস্য সনদ নবায়ন ফী ১০,০০০/- (দশ হাজার) টাকা যা বিকেএমইএ ব্যাংক একাউন্টে জমা দিয়ে ব্যাংক স্লিপ এবং নিম্নোক্ত ডকুমেন্টসহ সদস্য সনদ নবায়ন সম্পন্ন করতে হবে।

সদস্য সনদ নবায়ন করার জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে।

১. সভাপতি বরাবর ২০২৪ সালের নবায়নের জন্য আবেদন পত্র (প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে);
২. সর্বশেষ আয়কর সনদের এর ফটোকপি;
৩. হালনাগাদ কল-কারখানা কর্তৃপক্ষের লাইসেন্স এর ফটোকপি;
৪. হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি;
৫. হালনাগাদ ফায়ার লাইসেন্স এর ফটোকপি;
৬. নবায়ন ফি বাবদ বিকেএমইএ'র মনোনীত ব্যাংকে ১০,০০০/= টাকা জমাদানের রশিদ;
৭. ওয়ার্কাস বায়োমেট্রিক ডাটাবেজ সার্ভার নবায়ন বাবদ নির্ধারিত ফি বিকেএমইএ'র মনোনীত ব্যাংকে জমাদানের রশিদ এর ফটোকপি;
৮. বায়োমেট্রিক ডাটাবেজে শ্রমিকদের তথ্য সম্পূর্ণরূপে হালনাগাদ রয়েছে এই মর্মে প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে স্বীকৃতি পত্র বা অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
৯. প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য প্রদানের জন্য বিকেএমইএ'র ওয়েবসাইট www.bkmea.com/renewal-form লিংকে গিয়ে যথাযথভাবে ফরম পূরণ করে **Submit** করতে হবে। পূরণকৃত ফরমের একটি প্রিন্ট কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। উক্ত ফরম ব্যতীত নবায়ন করা যাবে না।

তাই ২০২৪ সালের সেবা গ্রহণের জন্য উপরোক্ত কাগজপত্রসমূহ বিকেএমইএ'র নারায়ণগঞ্জস্থ প্রধান কার্যালয়/ঢাকা/ চট্টগ্রাম কার্যালয়ে জমা দিয়ে সদস্যপদ নবায়ন করার জন্য আপনাকে বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি। এখানে উল্লেখ্য যে, ২০২৪ সালের সদস্য সনদ নবায়নের আবেদনের পরে প্রতিটি প্রতিষ্ঠানে বাধ্যতামূলক পরিদর্শন করা হবে।

ধন্যবাদান্তে

সুলভ চৌধুরী

প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)

নবায়ন সংক্রান্ত কোন তথ্যের জন্য যোগাযোগ

- ১) কানিজ ফাতেমা সোনিয়া, সিনি: উপ সচিব (আইটি), নারায়ণগঞ্জ
মোবাইলঃ ০১৯১৩১১১৯৩৫, ইমেইল- itngj@bkmea.com
- ২) মাহবুবা টগরী, সহকারী উপ সচিব (এইচআর এন্ড এডমিন), ঢাকা।
মোবাইলঃ ০১৯২৮৭৬০২৭৭, ইমেইল- hrdhk@bkmea.com
- ৩) মোঃ আলতাফ উদ্দিন, সিনি: যুগ্ম সচিব (এডমিন), চট্টগ্রাম
মোবাইলঃ ০১৯৭৯৩৯০০০২, ০১৫৫৪৩৪৫০১১,
ইমেইল- bkmeactg@bbts.net

Head Office : Press Club Bhaban (1st & 3rd Floor), 233/1, B.B. Road, Narayanganj-1400, Bangladesh

Phone : +880 2 7640535, 7641295, 7641857, Fax: +880 2 7630609

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh

Phone : +880 2 8620377, 8622703, 9670498, 9672257, Fax : +880 2 9673337

Chittagong Office : Chamber House (4th Floor), 38, Agrabad C/A, Chittagong, Bangladesh

Phone : +880 31 2514342, 2514345, Fax : +880 31 2514345

E-mail : info@bkmea.com, bkmea@bangla.net Log on : www.bkmea.com